

**AKASHVANI (Kolkata  
Regional News Unit**

**Date: 12-11-2025**

**Time : 7.50 P.M.**

**DEO : KB**

**Desk in Charge : SDG**

**Compiling : Sudip Basu**

**NRT : Sudip B.**

\*\*\*\*\*

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনার জন্য নির্বাচন কমিশন আজ রাতে ERO, AERO দেব সঙ্গে ভারুয়াল বৈঠক করবে।

২/ তৃণমূল কংগ্রেস, জোর করে মৃত ভোটারদের নাম তালিকায় রাখতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩/ সরকারি প্রকল্পের বাস্তবায়ন ও তদারকিতে আরও স্বচ্ছতা আনতে সমস্ত সরকারি নির্মাণ প্রকল্পে জিও ট্যাগিং-এর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার ।

৪/ প্রাথমিক বিদ্যালয়ে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টে ডিভিশন বেঞ্চের শুনানি শেষ হয়েছে। রায় দান স্থগিত।

৫/ পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের ফাজিল পরীক্ষার তৃতীয় সেমিস্টারের রেজাল্ট আজ প্রকাশিত হয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনার জন্য নির্বাচন কমিশন আজ রাতে ERO, AERO দেব সঙ্গে বৈঠক করবে। রাত ১০টা নাগাদ মুখ্য নির্বাচনী আধিকারিক ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন বলে খবর। SIR প্রক্রিয়ার অগ্রগতি নিয়ে আলোচনা হতে পারে বলে সূত্রের খবর।

মৃত ভোটারের নামে এনুমারেশন ফর্ম জমা পড়লে নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট পরিবারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে। কমিশনের নির্দেশ অনুযায়ী, মৃত ব্যক্তির নামে ফর্ম পূরণ করা হলে যার স্বাক্ষর পাওয়া যাবে, তাঁর বিরুদ্ধে জন প্রতিনিধিত্ব আইনের ৩২ ধারা অনুযায়ী এক বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। কমিশনের পক্ষে গতকাল জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, বুথ লেভেল এজেন্ট (BLA) – এর দায়িত্ব হল সংশ্লিষ্ট অংশের ভোটার তালিকার নামগুলো খতিয়ে দেখে মৃত ও স্থানান্তরিত ভোটারদের চিহ্নিত করা। এবিষয়ে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন- ( বাইট- অরিন্দম )

নিয়ম অনুযায়ী, BLA হতে হলে তাঁকে সেই অংশের নিবন্ধিত ভোটার হতে হবে। তবে প্রয়োজনে একই বিধানসভা কেন্দ্রের অন্য কোনও পার্টের ভোটারকেও BLA হিসেবে নিয়োগ করা যেতে পারে। রাজ্যে বর্তমান ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় জনপ্রতিনিধিত্ব আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে বলেও কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে।

এদিকে, আজ বিকেল চারটে পর্যন্ত রাজ্য জুড়ে ৬'কোটি ৮৭ লক্ষ এনুমারেশন ফর্ম বন্টন করা হয়েছে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

\*\*\*\*\*

তৃণমূল কংগ্রেস, SIR প্রক্রিয়ায় জোর করে মৃত ভোটারদের নাম তালিকায় রাখতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, তৃণমূল কংগ্রেসের BLA-রা বিভিন্ন এলাকায় মৃত ভোটারদের নাম বাদ না দেওয়ার জন্য BLO-দের ওপর চাপ সৃষ্টি করছে।

( বাইট- সুকান্ত )

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন। ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া চলাকালীন একাধিক অনিয়ম ও বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ তুলেছেন তাঁরা। পাঁচটি লোকসভা কেন্দ্রের তথ্য সম্বলিত পেন ড্রাইভ ও হার্ড কপি, নির্বাচন কমিশনে জমা দেওয়া হয়েছে বলে এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা জানিয়েছেন।

( বাইট- শুভেন্দু )

\*\*\*\*\*

SIR এর কাজে দেওয়া এনুমারেশন ফর্ম-এ ভুল রয়েছে, এই অভিযোগ তুলে আজ উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ব্লকের মালগাঁও-তে পথ অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের বক্তব্য, ফর্মে কালিয়াগঞ্জের জায়গায় রায়গঞ্জ লেখা হয়েছে। দীর্ঘক্ষণ অবরোধ চলার পর কালিয়াগঞ্জ ব্লকের বিডিও সেখানে গিয়ে গ্রামবাসীদের সঙ্গে কথা বলে তাঁদের প্রয়োজনীয় আশ্বাস দেন। ঘটনাস্থলে যায় বিরাট পুলিশ বাহিনী। প্রশাসনের আশ্বাস পেয়ে, অবরোধ তুলে নেওয়া হয়।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এসআইআর নিয়ে আজ প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং

ডিটিএইচ বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি প্রচারিত হবে।

\*\*\*\*\*

দক্ষিণ দিনাজপুরে এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করেছে। অবৈধভাবে হিলি সীমান্ত দিয়ে গত সোমবার বাংলাদেশে যাওয়ার পথে তাকে ধরা হয়। মহম্মদ মাসুম নামে বছর ২৪-এর ঐ যুবক বাংলাদেশের চট্টগ্রামের লক্ষ্মীপুরের বাসিন্দা। এদেশে চেন্নাইতে সে কর্মরত ছিল। তাকে গতকাল বালুরঘাট আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

\*\*\*\*\*

সরকারি প্রকল্পের বাস্তবায়ন ও তদারকিতে আরও স্বচ্ছতা আনতে রাজ্য সরকার সমস্ত সরকারি নির্মাণ প্রকল্পে জিও ট্যাগিং-এর সিদ্ধান্ত নিয়েছে।

অর্থ দফতরের পক্ষ থেকে সম্প্রতি এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি হয়েছে। এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের প্রতিটি ধাপের ওপর সরাসরি ও নির্ভুল নজরদারি সম্ভব হবে।

এর আগে সরকারি প্রকল্পগুলির অগ্রগতি পর্যবেক্ষণের জন্য চালু হয়েছিল ইউনিফায়েড প্রোজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম। অর্থ দফতরের তৈরি ওই বিশেষ পোর্টালে রাজ্যের সব দফতরকে তাদের নির্মায়মাণ প্রকল্পগুলির তথ্য নথিভুক্ত করতে বলা হয়েছে।

উল্লেখ্য, প্রকল্পের সূচনা থেকে শেষ পর্যন্ত রিয়্যাল-টাইম আপডেট বা সর্বশেষ পরিস্থিতি পাওয়া যায় নবান্ন থেকে। এবার সেই পর্যবেক্ষণ আরও নিখুঁত করার জন্যই এই জিও ট্যাগিং প্রযুক্তি যুক্ত হল। এই প্রযুক্তির মাধ্যমে প্রকল্পের ছবি বা ভিডিও ক্লিপে স্বয়ংক্রিয়ভাবে স্থান, সময় ও তারিখ যুক্ত থাকবে। ফলে ছবি বা ভিডিও আসল কিনা তা সহজেই যাচাই করা যাবে।

\*\*\*\*\*

প্রাথমিক বিদ্যালয়ে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ আজ রায় দান স্থগিত রেখেছে। দীর্ঘ ছ'মাস ধরে এই মামলার শুনানি চলেছে, বিচারপতি তপোব্রত চক্রবর্তী, ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে। আজ মামলার অন্তিম শুনানিতে প্রাথমিক শিক্ষা পর্ষদের তরফে দাবী করা হয় যে, দুর্নীতির অভিযোগের স্বপক্ষে কোনো প্রমাণ, মামলাকারীরা দিতে পারেননি। যদিও মামলাকারীদের পক্ষের আইনজীবী, একে প্রাতিষ্ঠানিক দুর্নীতি বলে ফের উল্লেখ করেন। চলতি বছরের ২৮শে এপ্রিল প্রাথমিকের ৩২ হাজার চাকরী বাতিল মামলার শুনানি, ডিভিশন বেঞ্চে শুরু হয়েছিল। রাজ্যের তরফেও দুর্নীতির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা বলে আদালতে জানানো হয়।

\*\*\*\*\*

শিক্ষকতার অভিজ্ঞতার জন্য স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া মামলায় আপাতত কোনো নির্দেশ দিলেন না বিচারপতি অমৃতা সিনহা। বর্তমানে মামলাটি সুপ্রিমকোর্টে বিচারাধীন। ২৬ নভেম্বর তার শুনানি। শীর্ষ আদালত ঐ দিন কি নির্দেশ দেয়, তা দেখার পরই হাইকোর্টে মামলার শুনানি হবে বলে বিচারপতি সিনহা জানিয়েছেন।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের ফাজিল পরীক্ষার তৃতীয় সেমিস্টারের সকল ছাত্র ছাত্রীদেরকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আজ এক্স হ্যান্ডেলে তিনি এই পরীক্ষা পদ্ধতির সঙ্গে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

উল্লেখ্য, এই প্রথম সেমিস্টার পদ্ধতিতে ফাজিল পরীক্ষা হচ্ছে।

আজই প্রকাশিত হয় ফাজিল পরীক্ষার তৃতীয় সেমিস্টারের ফলাফল। পাশের হার ৯৩ দশমিক ৩/৮ শতাংশ।

\*\*\*\*\*

বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের মাধ্যমে মহিলা ও শিশুদের স্বাস্থ্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ায় জাপানের ‘অয়াকামা বিশ্ববিদ্যালয়’ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে ‘ডি লিট’ সম্মান প্রদান করেছে। আজ আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট নাথু ইয়াসুতোমো, মুখ্যমন্ত্রীর হাতে এই সম্মান তুলে দেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী শিল্প বাণিজ্য সহ বিভিন্ন ক্ষেত্রে এই রাজ্যের সঙ্গে জাপানের সম্পর্ক আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন।

\*\*\*\*\*

দিল্লি বিস্ফোরণের পর দেশের বিভিন্ন প্রান্তে সন্ত্রাসবাদী মডিউলের সন্ধান চালাচ্ছে NIA সহ বিভিন্ন তদন্তকারী সংস্থা। আজ জাতীয় তদন্তকারী সংস্থা- NIA-এর একটি টিম, মুর্শিদাবাদের নবগ্রামে যায়। সেখানে কয়েকটি স্থানে তল্লাশিও চালানো হয়েছে। জিজ্ঞাসাবাদ করা হয়েছে বেশ কয়েকজনকে। মুর্শিদাবাদের পুলিশ সুপার জানিয়েছেন, আজ সকালে অভিযান চালানোর পর বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করে নিয়ে গেছে এন আই এ ।

\*\*\*\*\*

মুর্শিদাবাদের কান্দিতে আজ দুপুরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে, একজনের মৃত্যু হয়েছে। আহত অন্ততঃ পাঁচ জন।

জানা গেছে, গোকর্ণের রামেশ্বরপুরে ডালিম শেখের বাড়িতে রান্না করার সময় হঠাতই বিস্ফোরণ হয়। অগ্নিদগ্ধ হন আল্লাদী বিবি, রুলী বিবি, নূরজাহান খাতুন, আফরিন পারভিন, আনিসুর শেখ এবং রিজবা বিবি। হাসপাতালে নিয়ে যাওয়া হলে বছর তিনের আফরিন পারভিনের মৃত্যু হয়। আশঙ্কাজনক অবস্থায় তিনজনকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ ও দমকল বিভাগ ঘটনাস্থলে ছুটে যায়। সিলিভার থেকে গ্যাস লিক করায় এই বিপত্তি বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে।

\*\*\*\*\*

কার্তিক মাস শেষ হওয়ার আগেই দক্ষিণবঙ্গে জাঁকিয়ে শীত পড়ার ইঙ্গিত। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে ৩ দশমিক ১ ডিগ্রি কম। অন্যদিকে সর্বোচ্চ তাপমাত্রাও রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে ২ দশমিক ৬ ডিগ্রি কম, ২৮ ডিগ্রী সেলসিয়াস। আগামী কয়েক দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হাবিবুর রহমান )

উত্তরবঙ্গের পাঁচ জেলাতেও আজ তাপমাত্রার পারদ বেশ কিছুটা নিম্নমুখী।

\*\*\*\*\*

চলচ্চিত্রকে সর্বোত্তম শিল্প বলে বর্ণনা করেছেন বিশ্বখ্যাত পরিচালক আদুর গোপালকৃষ্ণান। ৩১তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের অন্তিম পর্বে আজ ঋত্বিক ঘটক স্মারক আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, সাহিত্য, সঙ্গীত, চিত্রকলা, ভাস্কর্য সেই সঙ্গে অত্যাধুনিক প্রযুক্তি এরকম বহু উপাদানের সংমিশ্রণে তৈরি হয় চলচ্চিত্র যা সবকিছুকে ছাপিয়ে যেতে পারে।

( বাইট- আদুর গোপালকৃষ্ণান )

ওটিটি প্ল্যাটফর্ম, সিনেমা শিল্পকে সম্পূর্ণরূপে ধ্বংস করছে বলেও এদিন শ্রী কৃষ্ণান মন্তব্য করেন।

আলোচনায় অংশ নিয়ে পরিচালক গৌতম ঘোষ বলেন, কেউ কেউ ঋত্বিক ঘটকের ছবিতে মেলোড্রামার উপস্থিতির কথা বললেও আসলে তা ছিল আবেগের সর্বোত্তম প্রকাশ। অনুষ্ঠানের সঞ্চালনা করেন পরিচালক অনুপ সিং।

\*\*\*\*\*